যুগান্তর

তারিখ 30 APR 2017
পৃঃ 2 কলাম 2

# উন্নতি হলেও শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি আছে

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীতে শনিবার অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় বক্তারা বলেছেন, গত কয়েক বছরে বাংলাদেশে শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বেশ অগ্রগতি হয়েছে। কিন্তু অদক্ষতা, অব্যবস্থাপনা এবং দুর্নীতি শিক্ষা ব্যবস্থাপনার মধ্যে আছে। জবাবদিহিতারও ঘাটতি আছে। শিক্ষায় বরাদ্দ অপ্রতুল। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি-৪) অর্জন করতে হলে শিক্ষার সবক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সিটিজেন্স প্ল্যাটফর্ম ফর এসডিজিস ও গণসাক্ষরতা অভিযান (ক্যাম্পে) যৌথভাবে রাজধানীর ব্র্যাক সেন্টারে 'সবার জন্য শিক্ষা, শিক্ষার জন্য সবাই : বাস্তবায়নের এখনই সময়' শীর্ষক এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইন্সটিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক অর্থনীতিবিদ ড. মুস্তাফা কে মুজেরি। অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন সিটিজেন্স প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সিডিপির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনৈতিক বিভাগের সদস্য ড. সামসুল আলম। স্বাগত জানান গণসাক্ষরতা অভিযানের (ক্যাম্পে) নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী। অনুষ্ঠানে 'ফ্রেমওয়ার্ক ফর অ্যাকশন : এডুকেশন ২০৩০ ইন বাংলাদেশ আ সিভিল সোসাইটি পারসপেকটিভ' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

**রাজধানীতে মতবিনিময় সভায় বক্তারা**

গণশিক্ষামন্ত্রী অনুষ্ঠানে বলেন, স্বচ্ছতা সব ক্ষেত্রেই দরকার। শিক্ষার মান নিয়ে কথা হচ্ছে। কিন্তু এটা কি রূপে নিরূপণ করা যাবে? আমি মনে করি, বয়স উপযোগী শিক্ষা শিশু আত্মস্থ করতে পারলেই সেটাকে মানসম্মত বলা যাবে। তিনি দেশের বিভিন্ন স্কুলে পাঠদানের বেহাল চিত্রের দৃষ্টান্ত দিয়ে বলেন, মান নিয়ে ব্যত্যয় সরকারি-এনজিও সব ধরনের স্কুলেই আমি দেখেছি। শিক্ষকরা শুধু বেতনের কথা বলেন। সেটা অবশ্যই দরকার আছে। কিন্তু গরিব দেশে যে পরিমাণ বেতন সরকার দিচ্ছে, সেটা অনুযায়ী সার্ভিস দিচ্ছি কিনা।

শিক্ষা মন্ত্রণালয়ের চলতি দায়িত্বপ্রাপ্ত সচিব মহিউদ্দীন খান বলেন, এসডিজির ১৭টি লক্ষ্যের সফলতা অনেকটাই শিক্ষার লক্ষ্য পূরণের সঙ্গে সম্পৃক্ত। তাই অন্য লক্ষ্যে উন্নতি করতে চাইলে শিক্ষায় বেশি উন্নতি করতে হবে। এ খাতে সরকারের বরাদ্দ যথেষ্ট। যদিও আরও বাড়ানো দরকার। কিন্তু এজন্য সরকারের আয় বাড়ানো দরকার। তাই এ ব্যাপারে দেশের জনগণকে বোঝাতে তিনি সুশীল সমাজের প্রতি আহ্বান জানান। মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম বলেন, শিক্ষা নিয়ে সবার যথেষ্ট আন্তরিকতা সত্ত্বেও জবাবদিহিতার অভাব আছে। তাই পুরো শিক্ষা ব্যবস্থাকে জবাবদিহিতার মধ্যে আনতে হবে। এটা সর্বোচ্চ পর্যায় থেকে সর্বনিম্ন পর্যায় পর্যন্ত প্রয়োজন। ইমেরিটাস অধ্যাপক মনজুর আহমেদ বলেন, অদক্ষতা, অব্যবস্থাপনা এবং দুর্নীতি শিক্ষা ব্যবস্থাপনার মধ্যে আছে। দু'দিন আগে শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর